

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ কথোপকথনের বৈধাবৈধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দাড়ি রাখতে বললে বা অন্য সৎকাজের উপদেশ দিলে অনেকে বলে, 'তাকওয়া বুকে'। এ কথা বলে সৎকাজ থেকে পিছল কাটা কি ঠিক?

অবশ্যই ঠিক নয়। মহানবী (সঃ) নিজে বুকের প্রতি ইঙ্গিত করে অবশ্যই বলেছেন 'তাকওয়া এখানে'। কিন্তু তা এ কথার দলিল নয় যে, বাহ্যিক আমল জরুরী নয়। তাছাড়া হৃদয়ে তাকওয়া থাকলে বাহ্যিক দেহ ও আমলে তাঁর বহিঃপ্রকাশ অবশ্যই ঘটবে। যেহেতু রাসুল (সঃ) বলেছেন, "দেহের মধ্যে একটি মাংসপিণ্ড রয়েছে, যখন তা সুস্থ থাকে, তখন গোটা দেহটাই সুস্থ হয়ে থাকে। আর যখন তা খারাপ হয়ে যায়, তখন গোটা দেহটাই খারাপ হয়ে যায়। শোন! তা হল হৃদপিণ্ড (অন্তর)" (বুখারি ও মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2116

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন